

## প্রাথমিক শিক্ষা হচ্ছে অষ্টম শ্রেণী পর্যন্ত

সংসদ রিপোর্টার

২০১৮ সাল থেকে প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণী পর্যন্ত সম্প্রসারণ করতে সরকার পরিকল্পনা হাতে নিয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। সোমবার জাতীয় সংসদে সমতাভেদে বেগমের এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান।

মন্ত্রী বলেন, শিক্ষানীতি ২০১০-এর আলোকে প্রাথমিক শিক্ষার স্তর পর্যায়ক্রমে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীতে উন্নীত করার জন্য ২০১৩ সালে ৪৯১টি প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণী চালু করা হয়েছে এবং এসব বিদ্যালয়ে ৮ম শ্রেণীতে উন্নীত হয়েছে। ২০১৪ শিক্ষাবর্ষে আরও ১৭৫টি স্কুল ৬ষ্ঠ শ্রেণীতে উন্নীত করা হয়েছে। বাকি বিদ্যালয়গুলো ২০১৮ সাল নাগাদ ৮ম শ্রেণী পর্যন্ত সম্প্রসারণ করতে সরকার পরিকল্পনা হাতে নিয়েছে।

তিনি আরও বলেন, এই পরিকল্পনা বাস্তবায়নে আরও কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এগুলো হচ্ছে— ৬ষ্ঠ শ্রেণী চালুকৃত বিদ্যালয়গুলোর অবকাঠামোগত উন্নয়ন। চালুকৃত বিদ্যালয়গুলোতে নতুন শিক্ষক নিয়োগ না করানো পর্যন্ত দু'জন বিএড ডিগ্রিধারী শিক্ষক সন্তুষ্টি/পদায়নের ব্যবস্থা গ্রহণ এবং এসব বিদ্যালয়ের শিক্ষার্থীদের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করানো।

সানজিদা খানের আরেক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, দেশের ছিন্নমূল, শ্রমজীবী শিশু-কিশোরদের পেশাগত দক্ষতার জন্য কারিগরি শিক্ষা ও পুনর্বাসনে ১৯৮৯ সালে ৭৬টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে শিশু কল্যাণ ট্রাস্টের কাজ শুরু হয়েছে। তখন এর নাম ছিল পঞ্চকলি ট্রাস্ট। তিনি জানান, ২০১৫ সালে ৯১টি স্কুলের মধ্যে ১৮ হাজার ২৮৫ ভাগ্যহীন সুযোগ-সুবিধা বঞ্চিত, হতদরিদ্র শিশু-কিশোরকে শিক্ষা, স্বাস্থ্য ও পেশাগত দক্ষতা অর্জনে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে।